

কোরআন ও বাইবেলে দান- খয়রাত করা সম্পর্কে

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াবারাকাতুহু
বিসমিল্লাহির রহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে, "কোরান ও বাইবেলে দান -খয়রাত করা সম্পর্কে"।

পবিত্র কুরানে ইরশাদ হচ্ছেঃ

১। সাদাকা (যাকাত) পাবে ফকিররা(নিঃস্ব লোকেরা), মিসকিনরা(অভাবীরা), যাকাত সংশ্লিষ্ট কর্মচারীরা, যাদের মনজয় করা উদ্দেশ্য তারা, দাসমুক্তির জন্যে, ঋণ ভারাক্রান্ত-দেউলিয়ারা, আল্লাহর পথে এবং পথিকরা।

সূরা ৯ তাওবা, আয়াতঃ ৬০

إِنَّمَا الصَّدَقَاتُ لِلْفُقَرَاءِ وَ الْمَسْكِينِ وَ الْعَمِلِينَ عَلَيْهَا وَ
الْمَوْلَّاتِ قُلُوبُهُمْ وَ فِي الرِّقَابِ وَ الْغَرْمِينَ وَ فِي سَبِيلِ اللَّهِ وَ ابْنِ
السَّبِيلِ فَرِيضَةٌ مِّنَ اللَّهِ ۗ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ﴿٦٠﴾

(ফরয) সাদকাগুলো তো হচ্ছে শুধুমাত্র ফকীর মিসকিনদের জন্য, আর এই সাদকা (আদায়ের) জন্য নিযুক্ত কর্মচারীদের এবং যাদের মন রক্ষা করতে(অভিপ্রায়) হয় তাদের, আর দাসমুক্ত করার কাজে এবং ঋণগ্রস্তদের(হাওলাত পরিশোধে), আল্লাহর রাস্তায় আর মুসাফিরদের সাহায্যার্থে, এটা আল্লাহর পক্ষ হতে ফরয(নির্ধারিত), আর আল্লাহ মহাজ্ঞানী অতি প্রজ্ঞাময় ।

২। তারা তোমার কাছে জানতে চায় , তারা (আল্লাহর পথে)কী ব্যয় করবে? তুমি বল, প্রয়োজনের অতিরিক্ত।

সূরা ২ বাকারাহ্, আয়াতঃ ২১৯

Click here <http://www.morningbrightness.fi/>

يَسْأَلُونَكَ عَنِ الْخَيْرِ وَالْمَيْسِرِ ط قُلْ فِيهِمَا إِثْمٌ كَبِيرٌ وَمَنَافِعُ
 لِلنَّاسِ وَإِثْمُهُمَا أَكْبَرُ مِنْ نَفْعِهِمَا ط وَيَسْأَلُونَكَ مَاذَا
 يُنْفِقُونَ ط قُلِ الْعَفْوَ كَذَلِكَ يُبَيِّنُ اللَّهُ لَكُمْ الْآيَاتِ لَعَلَّكُمْ
 تَتَفَكَّرُونَ ﴿٢١٩﴾

মাদকদ্রব্য ও জুয়াখেলা নিয়ে তারা তোমাকে জিজ্ঞেস করছে, তুমি বলোঃ এ দু'টোর মধ্যে গুরুতর পাপ রয়েছে এবং কোন কোন লোকের (কিছু) উপকার আছে, কিন্তু ও দু'টোর লাভ অপেক্ষা পাপই গুরুতর; তারা তোমাকে (আরও) জিজ্ঞেস করছে, তারা কী পরিমাণ ব্যয় করবে? তুমি বল যা তোমাদের উদ্ভূত; এভাবে আল্লাহ তোমাদের জন্যে নিদর্শনাবলী ব্যক্ত করেন যেন তোমরা চিন্তা করে দেখ।

৩। সে (ইসমাইল নবী) তার পরিবার পরিজনকে নির্দেশ দিত, সালাত কায়েম ও যাকাত প্রদানের।

সূরা ১৯ মারইয়াম আয়াতঃ ৫৫

وَكَانَ يَأْمُرُ أَهْلَهُ بِالصَّلَاةِ وَالزَّكَاةِ وَكَانَ عِنْدَ رَبِّهِ مَرْضِيًّا ﴿٥٥﴾

তিনি তাঁর পরিবারপরিজনকে নামায ও যাকাত আদায়ের নির্দেশ দিতেন এবং তিনি ছিলেন তাঁর প্রতিপালকের সন্তোষভাজন।

বাইবেলের বাণী

১। এক্টি (Acts) 10:2

সে এবং তার পুরো পরিবারবর্গ ধর্মভীরু ও সৃষ্টিকর্তা ভীতি সম্পন্ন ছিল। তিনি অভাবীদেরকে দান করতেন উদারহস্তে। এবং প্রতিনিয়ত সৃষ্টিকর্তার (God) কাছে প্রার্থনা করতেন।

২। টিমোথি (Timothy 1) ৫:৮

যে তার নিকটতম আত্মীয় এবং অন্যান্য আত্মীয়স্বজনকে দান করে না সে সত্যত্যাগী এবং অবিশ্বাসীর চেয়েও খারাপ।

৩। লুক (Luke) ৩:১১

জন(John) বললেন যে ব্যক্তির দু'টি পরিচ্ছদ (Tunics) রয়েছে, তার উচিত যার পরিচ্ছদ নাই তাকে একটি দেয়া। যার কাছে খাবার রয়েছে, তারও উচিত এরকম করা।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা , যাকাত ইসলামের অঙ্গ এবগ আদায় করা বাধ্যতামূলক। যাকাত কোন দান নয় , এটা ধনীর সম্পদে গরীব- অভাবীদের অধিকার। তাদের অধিকার তাদের ফিরিয়ে দেয়া আল্লাহ ফরজ করেছেন। যাকাত ছাড়াও সাদাকা(ইচ্ছাকৃত দান) করতে আল্লাহ উৎসাহিত করেছেন। বাইবেলেও অনুরূপ নির্দেশ রয়েছে।

আসুন আমরা আল্লাহর ইবাদত যথাযথভাবে পালন করি। আল্লাহ আমাদের সাহায্য করুন।
আমীন।

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়াব্বারাকাতুহু।

.....